34


তারিখ 18 SEP ...

পৃষ্ঠা ... কলাম ...


125

## ৪র্থ পাঁচসালায় এক হাজার কোটি টাকার সাধারণ শিক্ষা প্রকল্প

সরকার ৪র্থ পঞ্চবার্ষিকী পরিকল্পনায় শিক্ষাখাতে 'সাধারণ শিক্ষা প্রকল্প' নামে বড় ধরনের একটি প্রকল্প হাতে নিতেছেন। এই প্রকল্পে হাজার কোটিরও অধিক টাকা ব্যয় হইবে। গতকাল (সোমবার) বাসস'র সহিত আলাপকালে শিক্ষামন্ত্রী শেখ

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

### ৪র্থ পরিকল্পনায়

(১ম পৃ: পর)

শহীদুল ইসলাম বলেন, আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ও এশীয় উন্নয়ন ব্যাঙ্ক এই অর্থের যোগান দিবে। এছাড়া নেদারল্যাণ্ড, যুক্তরাজ্য, সিডা, ইউএনডিপি, ইউনিসেফ ও ইউএনএফপিএও উক্ত প্রকল্পে সাহায্য করিবে। ব্যবস্থাপনার উন্নয়ন, পাঠ্যসূচী সহজীকরণ এবং অধিকতর উন্নত প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক নিয়োগের মাধ্যমে দেশের প্রাথমিক শিক্ষাকে জোরদার করাই উক্ত প্রকল্পের মূল লক্ষ্য। প্রকল্পের আওতায় ২২ সহস্রাধিক শ্রেণীকক্ষ নির্মাণ অথবা মেরামত করা হইবে।